# লিমেরিকের দ্বিতীয় পাতা

আজাদ আলম

## খালি কলসির বাজনা বেশি

উল্লাপাড়ার ঠুল্লা খুরার হল্লা করাই জাত স্বভাব
মারতে মশা কামান দাগেন হাঁকছে যেনো শেষ নবাব
বিশেষ কোন বিপদ এলে
লুকায় গিয়ে খাটের তলে
আসল কাজে লারে লাপ্পা চিপসে বেলুন লা জবাব।

## ব্যাঙ্ক অফ মাই ড্যাড

(বাবা দিবসে ছেলে উপহার দিয়েছিল একটা টি শার্ট। সেটার বুকের কাছে ইংরেজি কথাগুলোর অনুবাদ প্রকাশ করার লোভ সামলাতে পারলাম না)

জগত জোড়া নামকরা ,” আমার বাবা ব্যাঙ্ক”
সুদ ছাড়াই লোন দ্যায়, “নাম্বার ওয়ান র‍্যাঙ্ক”
কিস্তি শোধের তাড়া নেই
রেহাই পাবে পুরোটাই
জোরসে চেপে ধর যদি বাবার দুটো ঠ্যাং

## চাটুকার বডিগার্ড

চওড়ায় তিন ফুট,ভুঁড়ি মোটা, টাক মাথা, লম্বায় সাত
তীক্ষ্ণ চাহনি তার   বাঁকা ঘাড় ঠোঁট কাটা সাঁড়াশির দাঁত
দিনরাত ঘুর ঘুর মালিকের আশেপাশে
গরীবেরে ধমকায় চড় দ্যায় বিনাদোষে
নর নামী চাটুকার এরা সব পেশাদার অসুরের জাত!!

## গিন্নীর গজগজি

গিন্নী গেছে বেজায় ক্ষেপে, " এ ভাবে কি আর দিন কাটে?
নামে তাহার ফাটছে গগন, হাঁড়ির ভাত তো কুকুরে চাটে,
উলু বনে মুক্তো ছড়ায়,
বন বাদাড়ের মোষ তাড়ায়,
সমাজ সেবায় সময় শেষ, ক্ষেত খামার তার মরছে মাঠে।“

## বেশ আছি।

"রক্তে আমার সুগার বেশি, শেষ বয়সী ডায়াবেটিক
ভার্যা আবার ভোজ বিলাসী, গোল বদন কায়া বেঠিক
বিকেল হলে পার্কে গিয়ে

হাঁটি দুজন পা মিলিয়ে
কেউ ছাড়ি না কারো ছায়া, প্রফুল্ল মন মায়ামেটিক

*" মায়ামেটিক" শব্দটির জন্ম এইমাত্র হলো।

## জুতার বারি

বাবা একটা দোকান দিল "জুতার বারি " হাস্যকর এক নাম
জুতোর বাক্সে লিখে দিল, লাভের সাথে আসল কেনা দাম ।
এক'শ টাকা মূল্য হলে লাভ রাখলো দশ
সৎ ব্যবসা উঠলো ফেঁপে, বাড়লো অনেক যশ।
মুনাফাখোরদের দোকান লাটে,গালে হাত বিধি তাদের বাম !!!

## আপনি তো ভাই এটা সেটা

"আপনি তো ভাই এটা সেটা ,চৌদ্দ বাপের একটা ব্যাটা
হাত ইশারায় দেদার কামাই ,ঘাম ঝরে না একটা ফোঁটা
শুমার নাই যে মামা চাচার
হাত দিবে গায়ে সাধ্য কার?
দিন বদলের আসছে হাওয়া, আম জনতা মারবে ঝাঁটা"

## ভুলের মাশুল

ইয়াং জেনারেশন হতাশ ভীষণ কে দ্যায় তাঁদের দিক-নিশানা
বাবা মায়ের টাকার পিছেই সময় শেষ,ইঁদুর দৌড়ে জীবন ফানা
তাইতো তাঁরা ওয়েব সাইটের পেটে ঢুকে
লাগাম ছাড়া সাঁতরে বেড়ায় মনের সুখে
জ্ঞান আহরণ যেমন তেমন গিলছে বেবাক কুখাদ্য আর আবর্জনা।

## কিল মারার গোঁসাই

"চুলোয় যাক লজ্জা শরম, হোক তোমাদের মাথা গরম," আমি এখন কসাই।
"পাঁঠার পায়ে দিলাম চোট, করলে করুন বয়কোট, ওহে পুরুত মশাই,"।
যখন আমি কাজ খুঁজি, হন্যে হয়ে পেটের জ্বালায়
"পুরুষালী মেয়ে বুঝি ?" ট্যাঁরা চোখে বেবাক তাকায়
"ভাত দিবার কোন ভাতার নাই, যতসব ভণ্ড যাজক কিল মারার গোঁসাই"!